

তারবার্তা
বাংলাব্যাংক

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

বিআরপিডি সার্কুলার লেটার নং-০৫

তারিখ : ২৯ মে, ২০০৪ইং

১৫ জ্যৈষ্ঠ, ১৪১১ বাং

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ।

প্রিয় মহোদয়,

AvBmC I Ōi gva`tg cµRevRvi t_†K gj ab msMŌni
†¶†† e`vsK †Kvµúvbx† †µWU †iWJs cŌ†½ |

সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক জারীকৃত Credit Rating Companies Rules, ১৯৯৬ অনুযায়ী কোন কোম্পানীর প্রিমিয়ামে ইস্যুতব্য শেয়ার, রাইট শেয়ার এবং ডেট ইনস্ট্রুমেন্ট (debt instrument) এর ক্রেডিট রেটিং রাইট অফার ডকুমেন্টস/প্রসপেক্টাসে অন্তর্ভুক্তিকরণের বাধ্যবাধকতা ব্যাংক কোম্পানীর ক্ষেত্রেও সমভাবে প্রযোজ্য । তবে কোন ব্যাংক কোম্পানী কর্তৃক অভিহিত মূল্যে (face value) শেয়ার ইস্যুর ক্ষেত্রে উক্ত রুলস অনুযায়ী ক্রেডিট রেটিং রিপোর্ট বাধ্যতামূলক নয় ।

ক্রেডিট রেটিং রিপোর্ট এ উল্লেখিত তথ্য থেকে সংশ্লিষ্ট ব্যাংক কোম্পানীর প্রকৃত আর্থিক অবস্থা সম্পর্কে বিনিয়োগকারীগণ সম্যক ধারণা লাভ করতে পারেন, যা তাদের উক্ত কোম্পানীতে বিনিয়োগের সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে সহায়ক ভূমিকা পালন করবে । ব্যাংকিং খাতে বিনিয়োগে স্বচ্ছতা আনয়ন ও বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণের উদ্দেশ্যে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, এখন হতে প্রিমিয়ামে ইস্যুতব্য শেয়ার ও রাইট শেয়ার ইস্যুর ন্যায় ব্যাংক কোম্পানী কর্তৃক আইপিও'র মাধ্যমে অভিহিত মূল্যে (face value) সাধারণ শেয়ার ইস্যুর ক্ষেত্রেও বাধ্যতামূলকভাবে ক্রেডিট রেটিং রিপোর্ট প্রসপেক্টাস এ অন্তর্ভুক্ত করতে হবে ।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ জাহাঙ্গীর আলম)
উপ-মহাব্যবস্থাপক
ফোন : ৯১২৫৮৪৪